দৈনিক বাংলা

0 036

তারিখ 30/10/84
পৃষ্ঠা 1 কলাম 6

# ঢাকায় অনার্স পরীক্ষা বাতিল : হাঙ্গামার জন্য দায়ী ব্যক্তিদের বিচার দাবী

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় কলাভবনের পরীক্ষা কেন্দ্রে গতকালও (সোমবার) গোলযোগ হওয়ায় নগরীর কলেজগুলির অনার্স পরীক্ষা সাময়িকভাবে বাতিল করা হইয়াছে।

গতকাল পরীক্ষা শুরুর প্রাক্কালে কতিপয় পরীক্ষার্থী কলাভবনের ভিতরে ও বাহিরে অবস্থান গ্রহণ করিয়া হৈ চৈ শুরু করে ও পরীক্ষা বর্জনের শ্লোগান দেয়। তাহারা পরীক্ষা দিতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের জোর করিয়া ভবনের বাহিরে লইয়া যাওয়ার পর্যায়ে কর্তব্যরত কয়েকজন বিশ্ববিদ্যালয় শিক্ষককেও অবমাননা করে। শিক্ষক লাঞ্ছনার সময় ভবনের বাহিরে অপেক্ষমাণ পুলিশ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে। ইহাতে পরীক্ষা বর্জনের উদ্যোক্তারা আরও ক্ষিপ্ত হইয়া উঠে।

উল্লেখ্য, গত ২৫শে অক্টোবরেও কিছুসংখ্যক পরীক্ষার্থী প্রথমে কার্জন হল ও পরে কলাভবনের পরীক্ষা কেন্দ্রে হাঙ্গামা ও বোমাবাজি করে। কর্তৃপক্ষ এই অবস্থায় কার্জন হলের পরীক্ষা কলাভবনে স্থানান্তর করেন।

(৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা বাতিল

(১ম পৃঃ পর)

ঢাকা শহরের ৫টি কলেজের অধ্যক্ষের সহিত বৈঠকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঐ কলেজগুলির অনার্স ও মাষ্টার ডিগ্রী পরীক্ষা এই বছর হইতে বিশ্ববিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণ করেন। সেই অনুযায়ী বিশ্ববিদ্যালয় কেন্দ্রে এই ৫টি কলেজের অনার্স ও মাষ্টার ডিগ্রী পরীক্ষা শুরু হইলে কয়েকজন পরীক্ষার্থী উহা বানচালের চেষ্টা করে।

গতকাল পরীক্ষা কেন্দ্রে কর্তব্যরত জনৈক শিক্ষক জানান, ২৫শে অক্টোবর পরীক্ষা কেন্দ্রে গোলযোগ সৃষ্টিকারীরাই গতকাল পরীক্ষা ভণ্ডুল করার জন্য শ্লোগান দেয় ও হৈ-চৈ করে। 'পরিস্থিতি নিয়ন্ত্রণের বাহিরে চলিয়া যাওয়ায়' কর্তৃপক্ষ বাকী পরীক্ষা স্থগিত ঘোষণা করেন। অবশ্য ঢাকা শহরের বাহিরের অনার্সসহ বিভিন্ন পরীক্ষা যথারীতি চলিবে। ঢাকা শহরেও সনাতন অনার্স ব্যতীত অন্যান্য পরীক্ষা পূর্ব নির্ধারিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হইবে

গতকাল পরীক্ষা কেন্দ্রে গোলযোগের ঘটনার পর কিছু সংখ্যক পরীক্ষার্থী মিছিল লইয়া জাতীয় প্রেস ক্লাবে যায় ও তাহাদের দাবীর সমর্থনে শ্লোগান দেয়।

### ১১৭ জন পরীক্ষার্থীর যুক্ত বিবৃতি

জগন্নাথ কলেজসহ নগরীর অন্যান্য কলেজের ১১৭ জন অনার্স পরীক্ষার্থী গতকাল এক যুক্ত বিবৃতিতে তাহাদের পরীক্ষা ভণ্ডুল হওয়ার জন্য জগন্নাথ কলেজের একটি গোষ্ঠীকে দায়ী করেন। তাঁহারা বলেন, ছাত্র নামধারী কায়েমী স্বার্থবাদী এই গোষ্ঠি ২৫শে অক্টোবরের পরীক্ষা বানচাল করিয়া দেয়। এই বিশেষ গোষ্ঠী গতকালও পরীক্ষা শুরু হওয়ার পূর্ব মুহূর্তে শিক্ষকদের লাঞ্ছিত করাসহ এক অরাজক ও নিরাপত্তাহীন পরিবেশ সৃষ্টি করে।

বিবৃতিতে স্বাক্ষরকারী পরীক্ষার্থীরা পরীক্ষা বানচাল করার ঘৃণ্য তৎপরতার তীব্র প্রতিবাদ জানায় ও নিন্দা করে। তাহার[illegible] পরীক্ষা বানচালের জন্য দা[illegible] গোষ্ঠীর বিচার দাবী ক[illegible] অবিলম্বে পরীক্ষা অনুষ্ঠানের দাবী জানায়।